# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৪৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ মু’মিনদের জন্য বিনয়ী ও বিনম্র হওয়ার গুরুত্ব

## আরবী

وَعَن أَبي رِفَاعَةَ تَمِيمِ بنِ أُسَيْدٍ قَالَ : انْتَهَيْتُ إِلَى رَسُولِ الله ﷺ وَهُوَ يَخطُبُ فَقُلتُ : يَا رَسُوْلَ اللهِ رَجُلٌ غَرِيبٌ جَاءَ يَسْأَلُ عَن دِينهِ لاَ يَدْرِي مَا دِينُهُ ؟ فَأَقْبَلَ عَليَّ رَسُوْلُ اللهِ ﷺ وتَرَكَ خُطْبَتَهُ حَتّى انْتَهى إلَيَّ فَأُتِيَ بِكُرْسيٍّ فَقَعَدَ عَلَيْهِ وَجعَلَ يُعَلّمُنِي مِمَّا عَلَّمَهُ اللهُ ثُمَّ أَتَى خُطْبَتَهُ فَأَتَمَّ آخِرَهَا رواه مسلم

## বাংলা

(৩৪৪৮) আবূ রিফাআহ তামীম ইবনে উসাইদ (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলাম তখন তিনি খুতবা দিচ্ছিলেন। অতঃপর আমি বললাম, ’হে আল্লাহর রসুল! আমি একজন বিদেশী মানুষ নিজের দ্বীন সম্পর্কে জিজ্ঞাসা করতে এসেছি, আমি জানি না আমার দ্বীন কী?’ (এ কথা শুনে) আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে ফিরলেন এবং খুতবা দেওয়া বর্জন করলেন। এমনকি শেষ পর্যন্ত তিনি আমার নিকটে এলেন। অতঃপর একটি চেয়ার আনা হল। তিনি তার উপর বসে আল্লাহ তাআলা তাঁকে যা শিক্ষা দিয়েছেন তা থেকে আমাকে শিখাতে লাগলেন। অতঃপর তিনি খুতবায় ফিরে এসে তার শেষাংশটুকু পুরা করলেন।

## ফুটনোট

(মুসলিম ২০৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67196

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন